

ইয়াসীন | Ya-Sin | يس

আয়াতঃ ৩৬ : ২৯

আরবি মূল আয়াত:

إِنْ كَانَتْ إِلَّا صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ خُمُودُونَ ﴿٢٩﴾

অনুবাদসমূহ:

তা ছিল শুধুই একটি বিকট আওয়াজ, ফলে তারা নিথর-নিস্তব্ধ হয়ে পড়ল। — আল-বায়ান

ওটা ছিল মাত্র একটা প্রচণ্ড শব্দ, ফলে তারা সহসাই নিস্তব্ধ হয়ে গেল। — তাইসিরুল

ওটা ছিল শুধুমাত্র এক মহানাদ। ফলে তারা নিথর নিস্তব্ধ হয়ে গেল। — মুজিবুর রহমান

It was not but one shout, and immediately they were extinguished. — Sahih International

২৯. সেটা ছিল শুধুমাত্র এক বিকট শব্দ ফলে তারা নিথর নিস্তব্ধ হয়ে গেল।

-

তাকসীরে জাকারিয়া

(২৯) কেবলমাত্র এক মহাগর্জন হল। ফলে ওরা নিথর-নিস্তব্ধ হয়ে গেল। [1]

[1] বলা হয়েছে যে, জিবরীল (আঃ) একটি হুকুম দিয়েছিলেন, যাতে সকলের শরীর থেকে প্রাণ বের হয়ে গিয়েছিল এবং তারা নিভানো আগুনের মত স্তিমিত হয়ে গিয়েছিল। জীবন যেন এক প্রজ্বলিত অগ্নিশিখা। আর মৃত্যু হল তা নিভে ভস্মে পরিণত হওয়া।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=3734>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন